

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
বানিয়াচং, হবিগঞ্জ।

স্মারক নং: উমাশিঅ/বানি/ ১০৬৬(১)

তারিখ: ০৮/০৫/২০২২


বিষয়: মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উল্লেখিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বানিয়াচং উপজেলা পরিষদের মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির এক সভা আগামী ১২/০৫/২০২২ ইং, সকাল ১০.০০ ঘটিকায় স্থায়ী কমিটির সভাপতি ভাইস চেয়ারম্যান জনাব ফারুক আমীন এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

কমিটির সদস্যবৃন্দকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

প্রাপকঃ

- ১। ভাইস চেয়ারম্যান
- ২। চেয়ারম্যান, ১নং বানিয়াচং উত্তর-পূর্ব ইউপি।
- ৩। চেয়ারম্যান, ৩নং বানিয়াচং দক্ষিণ-পূর্ব ইউপি।
- ৪। চেয়ারম্যান, ৫নং দৌলতপুর ইউপি।


(মো: কাওছার শোকরানা)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
বানিয়াচং, হবিগঞ্জ।

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির কার্যবিবরণী:

সভাপতি: জনাব মো: ফারুক আমীন
ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

সভার স্থান: ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

তারিখ: ১২/০৫/২০২২ ইং, সময়: সকাল-১০.০০ মিনিট।

সভার উপস্থিতি পরিশিষ্ট "ক"তে দেখানো হল।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানান। সভাপতি মহোদয় মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির কার্যক্রম ও গুরুত্ব নিয়ে আলোচনা করেন। সভাপতি মহোদয়ের আলোচনা শেষে সদস্য সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বানিয়াচং কে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার বিষয়ে আলোচনা ও সমস্যা নিয়ে বক্তব্য উপস্থাপনের আহ্বান জানান। মাধ্যমিক শিক্ষা অফিসার নিম্নোক্ত বিষয় নিয়ে আলোচনা করেন:-

১। মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশে প্রতি বছর দুইবার ক্ষুদ্রে ডাক্তার কর্তৃক ওজন, দৃষ্টিশক্তি পরীক্ষা ও উচ্চতা মাপা হয়। কিন্তু অধিকাংশ প্রতিষ্ঠানে ওজন, দৃষ্টিশক্তি ও উচ্চতা মাপার উপকরণ নেই। সভায় মাধ্যমিক শিক্ষা অফিসার প্রস্তাব করেন যে, ভবিষ্যতে ক্ষুদ্রে শিক্ষার্থীদেরকে সুস্থ ও স্বাভাবিক ভাবে বেড়ে ওঠার লক্ষ্যে দৃষ্টিশক্তি ও ওজন পরীক্ষার প্রয়োজনীয়তা রয়েছে। এ জন্য তিনি প্রতি প্রতিষ্ঠানে পর্যাপ্ত ওজন পরীক্ষা, দৃষ্টিশক্তি পরীক্ষা ও উচ্চতা মাপার যন্ত্রপাতি বরাদ্দের প্রস্তাব উত্থাপন করেন।

সিদ্ধান্ত : উপস্থিত সদস্য বৃন্দ মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রস্তাবে সম্মতি প্রকাশ করে প্রস্তাব বাস্তবায়নে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করেন। সদস্য বৃন্দ উপজেলা পরিষদের অর্থায়নে এ প্রকল্প বাস্তবায়নের করা যেতে পারে। উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে এ প্রস্তাব বাস্তবায়নের অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ফারুক আমীন)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি

বানিয়াচং, হবিগঞ্জ।

স্মারক নং: উমাশিঅ/বানি- ২০৭০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বানিয়াচং
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, হবিগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ
- ৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং

তারিখ: ১২/০৫/২০২২

(মো: কাওছার শোকরশা)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি

বানিয়াচং, হবিগঞ্জ।





পরিসিষ্ট "ক"

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির সভার উপস্থিতির স্বাক্ষর বিবরণীঃ

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যানের কার্যালয়

বানিয়াচং, হবিগঞ্জ।

তারিখ- ০২/০৮/২০২২

ক্রমিক নং	নাম	অফিসিয়াল পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোঃ ফারুক আমীন	ভাইস চেয়ারম্যান	সভাপতি	
০২	মোঃ মিজানুর রহমান খান	চেয়ারম্যান, ১নং বানিয়াচং উত্তর-পূর্ব ইউপি	সদস্য	
০৩	মোঃ আরফান উদ্দিন	চেয়ারম্যান, ৩নং বানিয়াচং দক্ষিণ-পূর্ব ইউপি	সদস্য	
০৪	মঞ্জু দাশ	চেয়ারম্যান, ৫নং দৌলতপুর ইউপি	সদস্য	
০৫	মোঃ কাওছার শোকরানা	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য সচিব	